


প্রিন্ট: ০৯ অক্টোবর ২০২৫, ০৯:০৬ এএম

# শিবির সমর্থিত প্যানেলের ৩৩ দফা ইশতেহারে কী আছে?



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (চাকসু) নির্বাচনকে সামনে রেখে ৩৩ দফা ইশতেহার ঘোষণা করেছে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির সমর্থিত প্যানেল ‘সম্প্রীতির শিক্ষার্থী জোট’। তারা আগামী এক বছরে এই ইশতেহার বাস্তবায়ন করবে বলে জানিয়েছেন।

বুধবার (৮ সেপ্টেম্বর) দুপুর আড়াইটার দিকে বিশ্ববিদ্যালয়ের বুদ্ধিজীবী চত্বরে সংবাদ সম্মেলনে ইশতেহার পাঠ করেন প্যানেলের সহ-সভাপতি (ভিপি) পদপ্রার্থী ইব্রাহিম হোসেন রনি।

সংবাদ সম্মেলনে বলা হয়, ৯টি বিষয়কে ফোকাস পয়েন্ট হিসেবে অগ্রাধিকার দিয়ে ইশতেহার বাস্তবায়ন করা হবে। এগুলো হলো— আবাসন, যাতায়াত, স্বাস্থ্যসম্মত খাবার, নিরাপদ ও গ্রিন ক্যাম্পাস, সেশনজট, অটোমেশন, শিক্ষা, গবেষণা ও ক্যারিয়ার, নারীবান্ধব ক্যাম্পাস ও ওয়েলফেয়ার কার্যক্রম।

ছাত্রশিবির ঘোষিত ৩৩ দফা ইশতেহার :

আবাসন সংকট নিরসন ও উন্নয়ন; শাটলের সংখ্যা বৃদ্ধি ও আধুনিকায়ন; নিরাপদ বাস সার্ভিস; সুলভ মূল্যে স্বাস্থ্যসম্মত খাবার নিশ্চিতকরণ; সেশনজট নিরসন করা; মেস বা কটেজে অবস্থানরত শিক্ষার্থীদের সুবিধা; নিয়মিত চাকসু নির্বাচন; ফ্যাসিবাদের দোসর-মুক্ত ক্যাম্পাস বিনির্মাণ; মুক্তিযুদ্ধ ও জুলাই বিপ্লবের আকাঙ্ক্ষা ধারণ; মাতৃত্বকালীন ছুটি ও নারীবান্ধব কমনরুম; যৌন হয়রানি ও সাইবার বুলিং প্রতিরোধ; শিক্ষার পরিবেশ নিশ্চিতকরণ; গবেষণায় উৎসাহ ও বরাদ্দ বৃদ্ধি; শিক্ষার্থীবান্ধব লাইব্রেরি; মৌলিক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ; সাশ্রয়ী মূল্যে উন্নত চিকিৎসা সেবা; নিরাপদ ক্যাম্পাস নিশ্চিতকরণ; গ্রিন ক্যাম্পাস; নারীবান্ধব ক্যাম্পাস; হল ও ফ্যাকাল্টিভিত্তিক সমস্যা সমাধান; প্রেয়ার রুম উন্নয়ন; সাহিত্য সংস্কৃতি চর্চার বিকাশ; সকল জাতিগোষ্ঠীর অধিকার; অটোমেশন পদ্ধতি চালুকরণ; উচ্চশিক্ষা ও স্কিল ডেভেলপমেন্ট; প্রতিবন্ধী শিক্ষার্থীদের অধিকার ও শিক্ষাবৃত্তি; টিএসসি ও সেন্ট্রাল অডিটরিয়াম নির্মাণ; শরীরচর্চার পর্যাপ্ত সুযোগ সৃষ্টি; লিগাল এইড সেল গঠন; অফিশিয়াল ই-মেইলের সহজলভ্যতা; অগোষ্ঠীসম্প্রদায়ের মধ্যে সমন্বয়; সেন্ট্রাল হেল্পিং কন্সিউলিং এবং অন-ক্যাম্পাস জের।

ইশতেহার ঘোষণার সময় প্যানেলের ভিপি প্রার্থী ইব্রাহীম হোসেন রনি বলেন, আমরা প্রচারণার সময় শিক্ষার্থীদের কাছ থেকে সমস্যা ও প্রত্যাশার কথা শুনেছি। যা ইশতেহারে তুলে ধরেছি। আমরা ১২ মাসে ৩৩টি দফা বাস্তবায়নের জন্য কাজ করব। এর মধ্যে ৯টি পয়েন্টকে আমরা সর্বাধিক গুরুত্ব দেব। আমরা নির্বাচিত হলে সবাইকে সঙ্গে নিয়ে কাজগুলো করার চেষ্টা করব।

আগামী ১২ অক্টোবর অনুষ্ঠিত হতে যাচ্ছে শিক্ষার্থীদের আকাঙ্ক্ষিত চাকসু নির্বাচন। এ নির্বাচনে ভোটার সংখ্যা ২৭ হাজার ৬৩৪ জন শিক্ষার্থী।

